OXFORD AQA
INTERNATIONAL QUALIFICATIONS

## OxfordAQA থেকে International GCSEs, AS এবং A-levels

# অভিভাবকদের জন্য নির্দেশিকা

দক্ষতা বিকাশ, সাফল্য অর্জন এবং বিশ্বব্যাপী বিশ্ববিদ্যালয় গুলিতে প্রবেশাধিকার।



# দক্ষতা বিকাশ, সাফল্য অর্জন এবং বিশ্বব্যাপী বিশ্ববিদ্যালয় গুলিতে প্রবেশাধিকার।

OxfordAQA থেকে শুভেচ্ছা। OxfordAQA অক্সফোর্ড ইউনিভার্সিটি প্রেস যা অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের একটি বিভাগ এবং AQA যুক্তরাজ্যের সর্ববৃহৎ GCSEs এবং A-level প্রদানকারী প্রতিষ্ঠানের একটি যৌথ কার্যক্রম। আমরা গত এক শতাব্দীর অধিক সময় ধরে শিক্ষার্থীদের শিক্ষাগত দক্ষতা উন্নয়নে কাজ করে যাচ্ছি।

আমরা সমগ্র বিশ্বব্যাপী স্কুল গুলোর সাথে কাজ করতে পেরে আনন্দিত। আমরা সহযোগিতার মাধ্যমে শিক্ষার্থীদের তাদের পরবর্তী যেকোনো কার্যক্রমের জন্য সঠিক ভিত্তি তৈরি করে দেই, যেন তারা পরবর্তীতে যা-ই করতে পছন্দ করুক না কেন তা সঠিকভাবে করতে পারে।

আমরা বিশ্বাস করি শিক্ষার্থীদের আত্মবিশ্বাসের মাধ্যমে তাদের সূক্ষ্মভাবে চিন্তা করা, তাদের অর্জিত জ্ঞান প্রয়োগ করার মাধ্যমে তারা তাদের পরবর্তী শিক্ষাগত যাত্রায় আত্মবিশ্বাসের সাথে এগিয়ে নিয়ে যাবে।

আমাদের কারিকুলাম শিক্ষার্থীদের সেসকল দক্ষতা অর্জনে সহায়তা করে যা তাদের পরিক্ষার সফলতা অর্জনে এবং বিশ্ববিদ্যালয়ে সফল হতে সহায়তা করে।

এই নির্দেশিকার মাধ্যমে অভিভাবকরা OxfordAQA-এর বৈশিষ্ট্য ও সুবিধা সমূহ জানতে পারবে।

“OxfordAQA-তে আমাদের চাওয়া, শিক্ষার্থীরা যেন তাদের পরীক্ষায় সর্বোচ্চ সাফল্য অর্জনের পাশাপাশি কাঙ্ক্ষিত বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ পায় এবং পৌঁছে যায় সম্ভাবনার নতুন শিখরে।”



**Andrew Coombe**
ব্যবস্থাপনা পরিচালক
OxfordAQA

# সূচিপত্র


| | |
|---|---|
| ব্রিটিশ শিক্ষাব্যবস্থার সংক্ষিপ্ত পরিচিতি | পৃষ্ঠা- ৩ |
| এক নজরে OxfordAQA | পৃষ্ঠা- ৪ |
| Oxford International Programme- এর পরিচিতি | পৃষ্ঠা- ৫ |
| OxfordAQA- কেন আপনি পছন্দ করবেন? | পৃষ্ঠা- ৬ |
| আন্তর্জাতিকভাবে স্বীকৃত কারিকুলাম | পৃষ্ঠা- ৭ |
| ভবিষ্যতের জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন | পৃষ্ঠা-৮ |
| আন্তর্জাতিক শিক্ষার্থীদের চাহিদার সাথে সামঞ্জস্যতা | পৃষ্ঠা- ৯ |
| আমাদের অভিজ্ঞতা | পৃষ্ঠা- ১০ |
| শিক্ষার্থীদের প্রয়োজনীয়তা ও লক্ষ্য অনুযায়ী আমাদের মূল্যায়ন কাঠামো | পৃষ্ঠা- ১১ |

# ব্রিটিশ শিক্ষাব্যবস্থার সংক্ষিপ্ত পরিচিতি

ইংল্যান্ডে ১৪ বছর বয়স থেকে শিক্ষার্থীরা অন্যান্য বিষয়ের সাথে ইংরেজি, গণিত, বিজ্ঞান, মানবিক এবং ভাষার উপরে অধ্যয়ন শুরু করে।

## GCSEs কী?

GCSE (জেনারেল সার্টিফিকেট অফ সেকেন্ডারি এডুকেশন) সাধারণত ১৪ থেকে ১৬ বছর বয়সী শিক্ষার্থীরা অধ্যয়ন করে। ইংল্যান্ডের শিক্ষার্থীরা ৮ থেকে ১০টি বিষয় GCSEs তে বেছে নেয়।

GCSE বেশিরভাগ ক্ষেত্রে পরীক্ষা ভিত্তিক, কিছু কিছু বিষয়ে কোর্স ওয়ার্ক ভিত্তিক মূল্যায়ন হয়ে থাকে। সাধারণত ১৬ বছর বয়সে ফাইনাল পরীক্ষা অনুষ্ঠিত হয়।

GCSE পরীক্ষার গ্রেডিং স্কেল সর্বোচ্চ ৯ থেকে সর্বনিম্ন ১ পর্যন্ত নির্ধারিত। গ্রেডিং স্কেল সম্পর্কে বিস্তারিত জানতে অনুগ্রহ করে ১০ নম্বর পৃষ্ঠা দেখুন।

## A-levels কী?

A-levels সাধারণত ১৬-১৮ বছর বয়সী শিক্ষার্থীরা অধ্যয়ন করে। ইংল্যান্ডে শিক্ষার্থীরা সাধারণত দুই বছরের মধ্যে ৩-৪ টি বিষয় A-levels এ অধ্যয়ন করে।

A-levels শিক্ষার্থীদের উচ্চশিক্ষা বা নির্দিষ্ট ক্যারিয়ারের জন্য প্রস্তুত করে। এটি বিশ্ববিদ্যালয়ে ভর্তির ক্ষেত্রেও অত্যন্ত গুরুত্বপূর্ণ। A-levels-এর গ্রেড হয় সর্বোচ্চ A* থেকে সর্বনিম্ন E পর্যন্ত।

AS levels (Advanced Subsidiary) যা সাধারণত এক বছরের কোর্স অথবা এ লেভেল এর সাথে প্রথম দিকেও নেয়া যায়। AS levels বিশ্ববিদ্যালয়গুলো দ্বারা স্বীকৃত।

OxfordAQA এর AS এবং A-levels হলো 'মডিউলার', যার অর্থ হলো চূড়ান্ত AS এবং A-level গ্রেডটি বেশ কয়েকটি সেকশন বা মডিউল নিয়ে গঠিত, যেগুলো কোর্স চলাকালীন সময়ে নির্বাচন করা যায়। এর মানে হলো, শিক্ষার্থীরা চাইলে স্বতন্ত্র মডিউলগুলোর জন্য পুনরায় পরীক্ষায় বসতে পারে। মডিউলার A-levels 'লিনিয়ার' পদ্ধতির চেয়ে একটি বেশি গ্রহণযোগ্য বিকল্প, যেখানে কোর্সের শেষে সমস্ত পরীক্ষা নেওয়া হয়।

'মডিউলার ও লিনিয়ার' সম্পর্কে আরও জানতে পারবেন পৃষ্ঠা ৯।

## International GCSEs এবং A-levels

International GCSEs এবং A-levels বিশ্বব্যাপী স্বীকৃত শিক্ষাগত যোগ্যতা, যা যুক্তরাজ্যের শিক্ষার্থীদের নেওয়া GCSEs এবং A-levels -এর সমতুল্য, কিন্তু একটি আন্তর্জাতিক দৃষ্টিকোণ থেকে তৈরি করা।

International GCSEs এবং A-levels এর জন্য প্রদত্ত বিষয় এবং পাঠ্যসূচি যুক্তরাজ্যের বাইরের স্কুলে অধ্যয়নরত শিক্ষার্থীদের জন্য আরও বেশি প্রাসঙ্গিক। International GCSEs এবং A-levels উচ্চশিক্ষার জন্য একটি উন্নত ভিত্তি প্রদান করে।



# বিভিন্ন পরীক্ষা বোর্ডের পরিচিতি

যদি আপনার সন্তানের স্কুল মধ্যপ্রাচ্য, উপসাগরীয় অঞ্চল, এশিয়া, ইউরোপ অথবা আফ্রিকায় অবস্থিত হয়, তাহলে International GCSE, AS এবং A-level এর সর্বাধিক জনপ্রিয় বিষয়গুলোর জন্য তিনটি আন্তর্জাতিক পরীক্ষার বোর্ড রয়েছে. সেগুলো হলো- OxfordAQA, Cambridge, এবং Pearson Edexcel.

এছাড়াও যুক্তরাজ্যে স্কুলগুলোর জন্য GCSEs এবং A-levels প্রদানকারী আরও অন্যান্য পরীক্ষা বোর্ডও রয়ছে, যেগুলো কখনও কখনও আন্তর্জাতিক স্কুলগুলোও পরিচালনা করে থাকে। এগুলোর মধ্যে AQA এবং Pearson Edexcel অন্তর্ভুক্ত।

ইংল্যান্ড ও ওয়েলসের পরীক্ষা নিয়ন্ত্রক সংস্থা Ofqual, কোনো পরীক্ষা বোর্ডের International GCSEs অথবা A-levels নিয়ন্ত্রণ করে না।

> যুক্তরাজ্যের মানদণ্ডের সাথে সামঞ্জস্যপূর্ণ হওয়ায়, আমাদের পরীক্ষাগুলো শুধুমাত্র বিষয়ভিত্তিক দক্ষতা যাচাই করে, ভাষাগত দক্ষতা বা সাংস্কৃতিক জ্ঞান নয়। এটি প্রত্যেক শিক্ষার্থীকে তাদের সামর্থ্য দেখানোর এবং প্রাপ্য ফলাফল অর্জনের সর্বোত্তম সুযোগ করে দেয়
>
> **Jamie Kirkaldy,**
> Head of Teaching & Learning Support
> OxfordAQA



## OxfordAQA সম্পর্কে

AQA হলো OxfordAQA আন্তর্জাতিক শিক্ষাগত যোগ্যতা সনদ প্রদানকারী সংস্থা। এর মানে হলো, আমাদের মূল্যায়নগুলো AQA যুক্তরাজ্যের পরীক্ষার মতোই একই পদ্ধতিতে পরিচালনা করা হয়।

OxfordAQA আন্তর্জাতিক কারিকুলাম যুক্তরাজ্যে পড়ানো GCSEs এবং A-levels এর পরিমার্জিত সংস্করণের উপর ভিত্তি করে তৈরি। আন্তর্জাতিক শিক্ষার্থীদের চাহিদা পূরণের জন্য এগুলোকে উপযোগী করে তৈরি করা হয়েছে।

OxfordAQA কারিকুলাম শিক্ষার্থীদের বিশ্লেষণ ও মূল্যায়নের মতো গুরুত্বপূর্ণ সমালোচনামূলক চিন্তাশক্তি দক্ষতা বিকাশে সহায়তা করে যা স্নাতক পর্যায়ের পড়াশোনা এবং তার পরবর্তী জীবনে অগ্রগতি নিশ্চিত করার জন্য অপরিহার্য।


## Go Further Awards- এর মাধ্যমে শ্রেষ্ঠত্বের উদযাপন

প্রতি বছর, আমাদের সম্মানজনক 'Go Further Awards' বিশ্বজুড়ে OxfordAQA-এর শীর্ষ ফলাফলকারী শিক্ষার্থীদের সাফল্য উদযাপন করে।

যেসব শিক্ষার্থী তাদের নিজ নিজ বিষয়ে সর্বোচ্চ নম্বর অর্জন করে, তাদেরকে "Top in Country", "Top in Region" এবং "Top in World" পুরস্কার প্রদান করা হয়।

আমাদের সকল বিজয়ীকে আন্তরিক অভিনন্দন!

গো ফার্দার অ্যাওয়ার্ডস সম্পর্কে আরও জানুন।







# আন্তর্জাতিক শিক্ষা যা আরো এগিয়ে নিয়ে যাবে

OxfordAQA হলো Oxford International Programme এর একটি অংশ, যা Oxford International Curriculum -এর সাথে OxfordAQA অভিজ্ঞতাকে একত্রিত করে, Early Years থেকে A-level পর্যন্ত International স্কুলগুলোর জন্য একটি পূর্ণাঙ্গ স্কুল-ভিত্তিক পদ্ধতি তৈরি করে।

বিশ্ব ক্রমাগত পরিবর্তনশীল, এবং শিক্ষা ব্যবস্থারও উন্নয়ন ঘটতে হবে, যাতে আপনার সন্তানরা ভবিষ্যতে যেকোনো পরিস্থিতির জন্য প্রস্তুত থাকে।

Oxford International Programme শিক্ষার ক্ষেত্রে একটি উন্নত পদ্ধতি যা ২ থেকে ১৯ বছর বয়সী শিক্ষার্থীদের Oxford International Curriculum এবং OxfordAQA-এর মাধ্যমে তাদের একটি অর্থবহ কর্মজীবন ও ব্যক্তিগত সাফল্যের জন্য প্রয়োজনীয় দক্ষতা ও মনোভাব দিয়ে গঠন করে।



## Oxford International Programme শিক্ষার্থীদের এমনভাবে গড়ে তোলে, যারা:

### আত্মনির্ভর ও স্বনির্ভর

আমাদের শিক্ষার্থীরা স্বনির্ভর, বিশ্লেষণধর্মী চিন্তাশীল এবং আজীবন শেখার কৌশল আয়ত্ত করতে আগ্রহী।
তারা আত্মবিশ্বাসের সঙ্গে নেতৃত্ব দিতে পারে, আবার দলগত কাজেও সমান দক্ষ।

### উদ্ভাবনী ও কৌতূহলী

আমাদের শিক্ষার্থীরা উদ্ভাবনী, কৌতূহলী এবং সৃজনশীল। তারা তাদের আশপাশের পৃথিবী সম্পর্কে প্রশ্ন করে, চিন্তা করে এবং নিজেদের ও সমাজের জন্য আরও সুন্দর ভবিষ্যৎ গড়ার স্বপ্ন দেখে।

### ভবিষ্যতের জন্য প্রস্তুত

আমাদের শিক্ষার্থীরা আগামী দিনের সাফল্যের জন্য প্রস্তুত তাদের রয়েছে প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা ও লক্ষ্য অর্জনের প্রেরণা।
তারা চ্যালেঞ্জকে স্বাগত জানায়, দ্রুত নতুন কিছু শিখে নেয়, এবং সবসময় নতুন অভিজ্ঞতা অর্জনে আগ্রহী থাকে।

### উচ্চাকাঙ্ক্ষী ও আত্মপ্রণোদিত

আমাদের শিক্ষার্থীরা উচ্চাকাঙ্ক্ষী এবং জীবনের প্রতিটি ক্ষেত্রে সাফল্য অর্জনের জন্য সর্বদা অগ্রসর হতে চায়।
তারা নিজ উদ্যোগে কাজ শুরু করে, প্রতিটি কাজ শেখার আগ্রহ নিয়ে সম্পন্ন করে এবং সর্বোচ্চ সততা বজায় রেখে নিজেদের শেখার দায়িত্ব নিজেরাই গ্রহণ করে।

Oxford International Programme এর শিক্ষার্থীদের বৈশিষ্ট্য

একটি উজ্জ্বল ভবিষ্যৎ গড়তে আমাদের সাথে যোগ দিন, যেখানে আপনার সন্তানরা তাদের শিক্ষাজীবনে উন্নতি করতে, পরিপূর্ণভাবে গড়ে উঠতে এবং আনন্দ খুঁজে পেতে পারে।

# OxfordAQA
# কেন আপনি বেছে নিবেন?

International স্কুলগুলো একটি পরীক্ষাবোর্ড নির্বাচন করার ক্ষেত্রে বিভিন্ন বিষয় বিবেচনা করবে। তারা সিলেবাসের বিষয়বস্তু, পরীক্ষার ধরন এবং শিক্ষকদের প্রশিক্ষণ ও সহায়তা, এই বিষয়গুলির উপর গুরুত্ব আরোপ করে।

শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে শুধুমাত্র একটি পরীক্ষাবোর্ড ব্যবহার করার কোনো বাধ্যবাধকতা নেই; তারা বিভিন্ন বিষয়ের জন্য ভিন্ন ভিন্ন পরীক্ষাবোর্ড নির্বাচন করতে পারে। বিশ্বজুড়ে স্বীকৃত বিশ্ববিদ্যালয়গুলি বিভিন্ন বোর্ড থেকে আসা ফলাফলকে সমানভাবে মূল্যায়ন করে ও শিক্ষার্থীদের ভর্তি নিশ্চিত করে।

একজন অভিভাবক হিসেবে, আপনার সবটুকু মনোযোগ থাকে আপনার সন্তানের সর্বোত্তম ফলাফল নিশ্চিত করার দিকে। যাতে এই ফলাফল তাদের পরবর্তী উচ্চশিক্ষা এবং এই পৃথিবীতে সফল ভাবে চলার জন্য প্রস্তুত করে তোলে।

আন্তর্জাতিক স্কুলগুলো কেন পরবর্তীতে OxfordAQA-কে তাদের পরীক্ষা বোর্ড হিসেবে বেছে নেয়, তার কয়েকটি কারণ এখানে তুলে ধরা হলো।





# আমাদের কারিকুলাম বিশ্বব্যাপী স্বীকৃত

যেকোনো কারিকুলামের সবচেয়ে গুরুত্বপূর্ণ দিকগুলোর মধ্যে একটি হলো উচ্চশিক্ষা প্রতিষ্ঠান এবং কর্মসংস্থান প্রদানকারী প্রতিষ্ঠানের কাছে গ্রহণ যোগ্যতা।

OxfordAQA সহ International A-levels গুলো স্নাতক ডিগ্রি প্রোগ্রামে ভর্তির জন্য বিশ্বজুড়ে বিশ্ববিদ্যালয়গুলোতে ব্যাপকভাবে স্বীকৃত ও গ্রহণযোগ্য। OxfordAQA কারিকুলাম সম্পন্ন করা শিক্ষার্থীরা বিশ্বব্যাপী শীর্ষস্থানীয় বিশ্ববিদ্যালয়গুলোতে ভর্তি হয়েছে।

যুক্তরাজ্যের স্বাধীন সংস্থা UK ENIC, যা বিশ্বব্যাপী পড়ালেখার মান যাচাই করে , তারা নিশ্চিত করেছে যে OxfordAQA এর সবগুলো কারিকুলামই যুক্তরাজ্যের জাতীয় পরীক্ষার নিয়ন্ত্রক Ofqual কর্তৃক স্বীকৃত দেশীয় GCSEs এবং A-levels এর সমতুল্য।

**আমাদের কারিকুলাম QS® Rankings -এর শীর্ষ ১০০টি বিশ্ববিদ্যালয় দ্বারা স্বীকৃত, যার মধ্যে রয়েছে ব্রিটিশ Russell Group, আমেরিকান Ivy League এবং অস্ট্রেলিয়ান Group of Eight.**

QS® World University Rankings হলো বিশ্বব্যাপী বিশ্ববিদ্যালয়গুলোর মান দন্ড ও বিশ্বস্থ সংস্থা যা বিশ্ববিদ্যালয়গুলোর তুলনামূলকভাবে দক্ষতা উপস্থাপন করে।

প্রতি বছর যুক্তরাজ্যের লক্ষ লক্ষ স্কুল-উত্তীর্ণ শিক্ষার্থী AQA সার্টিফিকেট নিয়ে বিশ্বের শীর্ষস্থানীয় বিশ্ববিদ্যালয়গুলোতে আত্মবিশ্বাসের সঙ্গে ভর্তি হয়।

যেহেতু AQA হলো OxfordAQA-এর সকল পরিক্ষার সনদ প্রদানকারী সংস্থা, তাই আপনার সন্তানের সার্টিফিকেটটি যুক্তরাজ্যের স্কুল-শিক্ষার্থীদের পাওয়া AQA সার্টিফিকেটের সমমানের।

কিছু দেশে, শিক্ষা মন্ত্রণালয় আনুষ্ঠানিকভাবে আন্তর্জাতিক সার্টিফিকেটকে স্বীকৃতি দেয় এবং সরকারি বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য নির্দেশনা প্রদান করে। OxfordAQA সার্টিফিকেটটি মধ্যপ্রাচ্য, দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়া, চীন, পাকিস্তান, জাপান এবং ইউরোপের সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোতে আনুষ্ঠানিকভাবে গ্রহণ করা হয়।

OxfordAQA পরিক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা University of Oxford এবং মার্কিন যুক্তরাষ্ট্রের Yale University সহ বিশ্বজুড়ে শীর্ষস্থানীয় বিশ্ববিদ্যালয়গুলিতে ভর্তি হয়েছে।

বিশ্ববিদ্যালয় গুলোতে উচ্চশিক্ষার সুযোগ তৈরিতে OxfordAQA এর অবদান সম্পর্কে আরো জানতে পারবেন।

# আমাদের প্রজেক্ট ভিত্তিক শিক্ষাক্রম শিক্ষার্থীদের  ভবিষ্যতের জন্য প্রয়োজনীয় দক্ষতা গড়ে তোলে

স্কুল গুলো ক্রমশ পাঠক্রমে প্রজেক্ট ভিত্তিক শিক্ষা ব্যবস্থা সংযুক্ত করেছে, যাতে করে শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন এবং কর্মক্ষেত্রে প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে পারে।

OxfordAQA-এর মাধ্যমে আপনার সন্তান International GCSEs বা A-levels এর পাশাপাশি প্রজেক্টও সম্পন্ন করতে পারে যা তাকে গবেষণা, সমস্যা সমাধান, বিশ্লেষণ এবং তাদের দক্ষতা বৃদ্ধি করতে সাহায্য করে।

ইন্টারন্যাশনাল এক্সটেন্ডেড প্রজেক্ট কোয়ালিফিকেশন (EPQ) AQA এর সফল আন্তর্জাতিক সংস্করণ হলো EPQ. EPQ A-level এর মানে অর্ধেক এটি একটি সম্পূরক কোর্স যার দ্বারা শিক্ষার্থীরা তাদের পছন্দের একটি বিষয় এর উপর গবেষণা প্রকল্প তৈরী করতে পারে।  এই যোগ্যতাকে যুক্তরাজ্যের বিশ্ববিদ্যালয়গুলো বিশেষভাবে মূল্যায়ন করে, কারণ উচ্চশিক্ষার জন্য শিক্ষার্থীদের এটি বাস্তব প্রস্তুতি প্রদান করে। গবেষণায় দেখা যায়, যে সকল শিক্ষার্থীরা EPQ সম্পন্ন করে তারা অন্যান্য A-levels এ গিয়ে ভালো ফলাফল অর্জন করে কারণ EPQ এর মাধ্যমে তারা সে দক্ষতা অজর্ন করে।

International EPQ
বেছে নেয়ার ৫টি কারণ জানতে আমাদের ব্লগে ভিজিট করুন।

International GCSE গ্লোবাল স্কিলস প্রজেক্টস হলো একটি নতুন বিষয় যার মাধ্যমে পরিকল্পনা, গবেষণা এবং প্রতিবেদন লেখার দক্ষতা গড়ে ওঠে।
এই প্রজেক্ট এর ফলে শিক্ষার্থীদের A-levels এবং International EPQ উভয় ক্ষেত্রে অগ্রসর হতে সহায়তা প্রদান করে। এর মাধ্যমে শিক্ষার্থীদেরকে সমগ্র বিশ্বে তাদের ভবিষৎ সফলতার জন্য প্রয়োজনীয় মানুষিকতা ও সক্ষমতা গড়ে তোলে।

International EPQ এবং GCSE গ্লোবাল স্কিলস প্রজেক্টস উভয়ই শিক্ষার্থীদের এমন এক শিক্ষার ধরনে অভ্যস্ত করে তোলে, যার ফলে তারা স্বাধীনভাবে চিন্তা করতে, বিশ্লেষণ করতে এবং প্রজেক্ট ভিত্তিক পদ্ধতিতে কাজ করতে শেখে যা তাদের পরবর্তী একাডেমিক ধাপের জন্য অপরিহার্য।

> “EPQ শিক্ষার্থীদের অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে গবেষণামূলক ও একাডেমিক দক্ষতা উন্নয়নে দারুণ সুযোগ প্রদান করে, আবেদনকারীদেরকে তাদের ব্যক্তিগত বিবৃতি লেখার সময় EPQ অভিজ্ঞতা উলেখ করতে উৎসাহিত করা হয়।”
>
> University of Oxford



# আমাদের কারিকুলাম International স্কুলগুলির চাহিদা অনুসারে তৈরি করা হয়েছে।

OxfordAQA-এর প্রতিটি সিলেবাস ও মূল্যায়ন কাঠামো যুক্তরাজ্যের সর্বশেষ GCSEs ও A-levels এর মানদণ্ডের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ তবে এগুলো যুক্তরাজ্যের বাইরের শিক্ষার্থীদের জন্য বিশেষভাবে প্রস্তুত করা হয়েছে।

বিষয়বস্তু বা মূল্যায়ন কাঠামো বিবেচনা করার সময়, আমরা সর্বদা আন্তর্জাতিক শিক্ষার্থীদের চাহিদাকে অগ্রাধিকার দিয়ে থাকি।

আন্তর্জাতিকভাবে অধ্যয়নরত শিক্ষার্থীদের চাহিদা বোঝার পাশাপাশি যুক্তরাজ্যের পাঠ্যক্রম সংস্কারের সর্বোত্তম ব্যবহার করে আমরা এমন একটি কারিকুলাম তৈরি করেছি যা বিশ্বব্যাপী প্রাসঙ্গিক, শিক্ষার্থীদের জন্য অনুপ্রেরণামূলক এবং ভবিষ্যৎ উচ্চশিক্ষার জন্য উত্তম প্রস্তুতি।

"OxfordAQA পরীক্ষায় আমাদের শিক্ষার্থীরা প্রথমবারের মতো বিষয় ভিত্তিক উত্তর দিয়েছিলো, পরীক্ষার ভাষা এবং প্রেক্ষাপট চিন্তা না করেই।"

সামিনা রশিদ
প্রধান, বিজ্ঞান বিভাগ
দুবাই, সংযুক্ত আরব আমিরাত

## মডিউলার নাকি লিনিয়ার?

লিনিয়ার পদ্ধতিতে সমস্ত পরীক্ষা কোর্সের শেষে নেওয়া হয়। মডিউলার পদ্ধতিতে চূড়ান্ত গ্রেড কয়েকটি আলাদা অংশ বা মডিউল-এর ওপর ভিত্তি করে নির্ধারিত হয়। যেখানে পরীক্ষাগুলি পুরো কোর্স জুড়ে ধাপে ধাপে নেওয়া হয়।

OxfordAQA-তে আমাদের International GCSEs পরীক্ষাগুলো লিনিয়ার (যুক্তরাজ্যের ধারা অনুসারে), আর International AS ও A-levels পরীক্ষাগুলো মডিউলার। আমরা বিশ্বাস করি এবং শিক্ষকরাও একমত যে, দুটি পদ্ধতিই শিক্ষার্থীদের শিক্ষাগত যাত্রার বিভিন্ন পর্যায়ে সবচেয়ে ভালো কাজ করে।


আমাদের লিনিয়ার GCSE গুলো এমনভাবে তৈরি করা হয়েছে যাতে শিক্ষার্থীরা একাধিক পরীক্ষার চাপ ছাড়া তাদের দক্ষতা বিকাশে সময় পায় এবং শিক্ষকেরাও শ্রেণীকক্ষে সর্বোচ্চ সময় ব্যবহার করতে পারেন। অন্যদিকে, মডিউলার A-levels কাঠামো এবং নমনীয়তার একটি নিখুঁত ভারসাম্য প্রদান করে। যার ফলে শিক্ষার্থীরা তাদের শেখার এবং পরীক্ষার প্রস্তুতির প্রতিটি অংশ আলাদা ভাবে আয়ত্ত করতে এবং প্রস্তুতি নিতে পারে এবং একই সাথে প্রয়োজনে নির্দিষ্ট ইউনিট এর পরীক্ষা পুনরায় দেয়ার সুযোগ পায়।

মডিউলার বনাম লিনিয়ার মূল্যায়ন পদ্ধতি সম্পর্কে আরও জানতে আমাদের ব্লগ দেখুন।

# International স্কুলগুলোর জন্য আমরা UK– এর শীর্ষস্থানীয় অভিজ্ঞতা কাজে লাগিয়ে থাকি।

১৯০৩ সালে AQA প্রতিষ্ঠিত। OxfordAQA কে তার AQA ১২০ বছরের অধিক অভিজ্ঞতার মাধ্যমে সহায়তা প্রদান করে। এর ফলে আমাদের মূল্যায়নগুলো তৈরী এবং প্রক্রিয়াকরণ হয় সেই একই পদ্ধতিতে, যেভাবে AQA যুক্তরাজ্যের পরীক্ষাগুলো পরিচালনা করে। ইংল্যান্ডে ৯২% স্কুলে AQA প্রচলিত আছে এবং প্রতি বছর এর মাধ্যমে ১ কোটির ও বেশি পরীক্ষা পত্র মূল্যায়ন করা হয়।

## ২০২৪ সালে যুক্তরাজ্যে AQA-এর সমমানের যোগ্যতাসমূহের বাজার অংশীদারিত্ব




Data sourced from the UK government, 2024

## International GCSEs কীভাবে মূল্যায়ন করা হয়?

OxfordAQA-এর International GCSEs ইংল্যান্ডের GCSE গুলোর সর্ব শেষ সংস্করণের উপর ভিত্তি করে তৈরী যেখানে গ্রেডিং পদ্ধতি হলো ৯-১ পর্যন্ত, কিছু পরীক্ষাবোর্ড এখনও পুরনো পদ্ধতির International GCSEs প্রদান করে, যেখানে গ্রেড দেওয়া হয় A* থেকে G পর্যন্ত, যা ২০১৫ সালে যুক্তরাজ্যে জাতীয় শিক্ষাব্যবস্থা সংস্কারের অংশ হিসেবে বাতিল করা হয়েছিল।

৯ থেকে ১ গ্রেডিং পদ্ধতি যুক্তরাজ্যের শিক্ষার মান উন্নত করার উদ্দেশ্যে তৈরি করা হয়, যেখানে গ্রেড ৯ পূর্বের গ্রেড A*-এর চেয়েও উচ্চ, যাতে মেধাবী শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ে আবেদন করার সময় নিজেদের আলাদা ভাবে উপস্থাপন করতে পারে।

OxfordAQA-তে আমরা মনে করেছি, আমাদের International GCSEs গুলো হালনাগাদ পদ্ধতির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হওয়া খুবই গুরুত্বপূর্ণ, যাতে করে বিদেশি শিক্ষার্থীরা কোনোভাবেই সুবিধা বঞ্চিত না হয়।

বিশ্বব্যাপী বিশ্ববিদ্যালয় এবং চাকুরি প্রদানকারী সংস্থাসমূহ GCSE গ্রেডিং এর ক্ষেত্রে ৯ থেকে ১ স্বীকৃতি প্রদান করেন এবং সেই অনুযায়ী তারা তাদের প্রত্যাশা নির্ধারণ করেন। এই গ্রেডিং পদ্ধতির পরিবর্তন তা অত্যন্ত সুন্দর ভাবে সম্পন্ন হয়েছে এবং এর সাথে জড়িত সকলেই এটি ভালোভাবে বুঝে নিতে পেরেছেন।

| নতুন GCSE গ্রেডিং কাঠামো | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 9 | 8 | 7 | 6 | 5 | 4 | 3 | 2 | 1 | U |
| A* | | A | B | | C | D | E F | G | U |
| পুরনো GCSE গ্রেডিং কাঠামো | | | | | | | | | |

# আমরা বিষয়গত দক্ষতা মূল্যায়নের উপর জোর দিয়ে থাকি

## মূল্যায়নের ন্যায্যতা

পরীক্ষা বা কোর্স ওয়ার্ক যেটাই হোক একজন শিক্ষার্থীর প্রাপ্ত গ্রেড তার প্রকৃত জ্ঞান এবং দক্ষতাকে প্রতিফলিত না করলে এই পার্থক্যটি তার জীবন বদলে দিতে পারে।

OxfordAQA প্রতিষ্ঠিত হয়েছে এই বিশ্বাসের উপর, প্রতিটি শিক্ষার্থী তাদের শেখা বিষয়গুলো সঠিকভাবে প্রদর্শনের সুযোগ পাবে, এবং ভাষার দক্ষতা কখনোই যেনো তার প্রতিবন্ধকতা না হয়।

আমাদের মূল্যায়নের মূল ভিত্তি হলো বৈধতা, বিশ্বাস যোগ্যতা এবং তুলনামূলকতা। আমরা শিক্ষার্থীদের বিষয়গত জ্ঞান পরীক্ষা করার জন্য কেবল স্পষ্ট ভাষা এবং আন্তর্জাতিকভাবে প্রাসঙ্গিক সাংস্কৃতিক প্রেক্ষাপট ব্যবহার করি। যাতে শিক্ষার্থীদের বিষয়গত জ্ঞান সঠিকভাবে মূল্যায়িত হয়।

## The Oxford 3000™

আমাদের প্রশ্নপত্রের মান নিশ্চিত করার জন্য, আমরা Oxford 3000 ব্যবহার করি। এটি ইংরেজি ভাষার সবচেয়ে বেশি ব্যবহৃত ও দরকারি শব্দগুলোর একটি তালিকা, যা নিশ্চিত করে যে আমাদের ব্যবহৃত ভাষা যতটা সম্ভব স্পষ্ট ও সহজবোধ্য।

## ইতিবাচক মূল্যায়ন

আমাদের মার্কিং স্কিমগুলো এমনভাবে তৈরি করা যাতে শিক্ষার্থীদের প্রদর্শিত জ্ঞান ও দক্ষতার জন্য পুরস্কৃত করা হয়, ভুল বা বাদ দেওয়া অংশের জন্য শাস্তি দেওয়া হয় না। এর ফলে শিক্ষার্থীরা আত্মবিশ্বাসের সঙ্গে পরীক্ষায় অংশ নিতে পারে, কোনো প্রশ্নে 'ধরা পড়ার' ভয় ছাড়াই।

## ন্যায্য ও নির্ভুল গ্রেডিং

OxfordAQA পরীক্ষাপত্র মূল্যায়ন করেন অভিজ্ঞ ও বিশেষজ্ঞ পরীক্ষকরা, যা প্রতিটি পরীক্ষার্থীর জন্য নির্ভুলতা ও সামঞ্জস্যতা নিশ্চিত করে।
মূল্যায়ন সম্পন্ন হওয়ার পর, প্রতিটি বিষয়ের জন্য সিনিয়র পরীক্ষকগণ সেই বিষয়ের গ্রেড সীমা নির্ধারণ করেন। এটি AQA এর একাডেমিক গবেষণা ও বহু বছরের অভিজ্ঞতার দ্বারা পরিচালিত হয়, যাতে প্রতিটি শিক্ষার্থীর গ্রেড হয় ন্যায্য ও সঠিক।

আমাদের শিক্ষার্থীদের মূল্যায়ন পদ্ধতি সম্পর্কে আরও পড়ুন।



OXFORD AQA
INTERNATIONAL QUALIFICATIONS

## দক্ষতা বিকাশ, সাফল্য অর্জন এবং বিশ্বব্যাপী বিশ্ববিদ্যালয় গুলিতে প্রবেশাধিকার।

OxfordAQA-তে আমাদের বিশ্বব্যাপী স্বীকৃত International GCSE এবং A-level এর বিষয়ভিত্তিক জ্ঞানকে সূক্ষ্মতার সাথে এবং নিবিড়ভাবে নানামুখী চিন্তার বিকাশ ঘটাই। যাতে শিক্ষার্থীরা কৌতূহলী হয়, স্বতন্ত্রভাবে চিন্তা করতে শেখে এবং পৃথিবী সম্পর্কে গভীর উপলব্ধি অর্জন করে।

এই দক্ষতাগুলোই শিক্ষার্থীদের পরীক্ষায় সাফল্য, বিশ্ববিদ্যালয়ে উৎকর্ষতা এবং জীবনের জন্য প্রস্তুত হতে সহায়তা করে।

আপনার সন্তানের স্কুলে OxfordAQA ব্যবহার করা হচ্ছে কি না তা জিজ্ঞাসা করুন।

OxfordAQA সম্পর্কে আরও জানতে ভিজিট করুন:
oxfordaqa.com/parents

K46289